

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৪৯

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ সফরে সিয়াম রাখা নিষেধ, যখন কোন ব্যক্তি জানবে যে, সিয়াম তাকে দুর্বল করে দিবে এবং সে তার অন্য সঙ্গীদের বোঝা হয়ে যাবে

ذِكْرُ الزَّجْرِ عَنْ صَوْمِ الْمَرْءِ فِي السَّفَرِ إِذَا عَلِمَ أَنَّهُ يضعِّفُه حَتَّى يَصِيرَ كَلًّا على أصحابه

আরবী

3549 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا أَبُو دَاوُدَ الْحَفَرِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ الثَّوْرِيُّ عَنِ الْأَوْزَاعِيِّ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: أُتِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم بِطَعَامٍ بِمَرِّ الظَّهران فَقَالَ: لِأَبِي بَكْرٍ وَعُمَرَ: (كُلا) فَقَالَا: إِنَّا صَائِمَانِ ، فَقَالَ: (ارْحَلُوا لِصَاحِبَيْكُمَا اعْمَلُوا لِصاحبِيْكُما ، ادْنُوا فَكُلا)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1 3549 خلاصة حكم المحدث: صحيح _ ((الصحيحة)) (85). قَالَ أَبُو حَاتِمٍ رضي الله عنه: يُرِيدُ بِهِ: كَأَنِّي بِكُمَا وَقَدِ احْتَجْتُمَا إِلَى النَّاسِ مِنَ الضَّعْفِ إِلَى أَنْ تَقُولُوا: ارْحَلُوا لِصاحِبَيْكُمَا اعملوا لصاحبيكما.

বাংলা

৩৫৪৯. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে মাররুয যাহরান নামক জায়গায় কিছু খাবার আনা হয়। তখন তিনি আবৃ বকর ও উমার রাদ্বিয়াল্লাহু আনহুমাকে বলেন, "আপনারাও খান।" তাঁরা দুইজন বলেন, "আমরা সিয়াম রেখেছি।" তখন তিনি বলেন, "তোমরা তোমাদের এই দুই সঙ্গীর মাল-সামান তোমাদের বাহনে নাও। তোমরা তোমাদের এই দুই সঙ্গীর কাজ করে দাও।" তারপর তিনি তাঁদের দুইজনকে বলেন, "আপনারা কাছে আসুন এবং খাবার খেয়ে নিন।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বার রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্যের উদ্দেশ্য হলো আমি যেন আপনাদের দেখতে পাচ্ছি যে, আপনারা দুর্বল হয়ে অন্য লোকদের প্রতি মুখাপেক্ষী হয়ে পড়েছেন এবং



আপনারা বলছেন, "তোমরা তোমাদের এই দুই সঙ্গীর মাল-সামান তোমাদের বাহনে নাও। তোমরা তোমাদের এই দুই সঙ্গীর কাজ করে দাও।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৩৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১৫; নাসাঈ: ৪/১৭৭; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৩১; হাকিম: ১/৪৩৩; সুনান বাইহাকী: ৪/২৪৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৮৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন